PRESENTED

# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

## প্রতিষ্ঠাতৃ-দিবস

২০এ জানুয়ারি

PRESIDENCY COLLEGE
PRESENTED
30 JAN 1964

১৯৬৪

828.2
O246

PRESIDENCY LIBRARY
RECEIVED
30 JAN 1964
* CALCUTTA *

# প্রেসিডেন্সি কলেজ প্রাসঙ্গিকী

**প্রতিষ্ঠাতৃ-দিবস ২০এ জানুয়ারি ১৯৬৪**

**উনবিংশ শতাব্দীতে** ভারতবর্ষে নবশিক্ষা প্রবর্তনের প্রথম যুগে স্থাপিত হয়েছিল হিন্দু কলেজ। তৎকালীন শাসক সম্প্রদায়ের শিক্ষা বিস্তারে উদাসীনতা লক্ষ্য ক'রে কয়েকজন দূরদর্শী দেশীয় ও বিদেশীয় মনীষী হিন্দু কলেজ স্থাপন করতে এগিয়ে আসেন। এই মনীষীদের মধ্যে ছিলেন ভারতহিতৈষী ডেভিড হেয়ার, রাজা রামমোহন রায়, বর্ধমানাধিপতি মহারাজ তেজচন্দ্র বাহাদুর, গোপীমোহন ঠাকুর, রাজা গোপীমোহন দেব, বৈদ্যনাথ মুখার্জি, সার এডওয়ার্ড হাইড ঈস্ট, জোসেফ ব্যারেটো, জে এইচ হ্যারিংটন, লেফটেনাণ্ট-কর্নেল ফ্রান্সিস আরভিন প্রভৃতি বরেণ্য ব্যক্তি। এঁদেরই প্রচেষ্টায় ১৮১৭ খ্রীস্টাব্দে ২০এ জানুয়ারি হিন্দু কলেজ স্থাপিত হয়। আজ ১৪৭ বৎসর পূর্বের সেই কল্যাণকামী শিক্ষাব্রতীদের আমরা বিনম্রচিত্তে স্মরণ করি। ১৮৫৫ খ্রীস্টাব্দে সেই হিন্দু কলেজ প্রেসিডেন্সি কলেজ হয়। সে ইতিহাস সুপরিচিত।

মহত্তর গৌরবের অভিমুখে এই বিদ্যায়তনের নিরন্তর যাত্রা আমাদের নিত্য গর্বের বিষয়। বাঙলা ও ভারতবর্ষের জ্ঞানী ও গুণী, নেতা ও কর্মী--যাঁদের অনেকেরই ছাত্রজীবন এই বিদ্যা-ভূমিতে অতিবাহিত হয়েছে--তাঁদের সঙ্গে আজকের ছাত্রদের আত্মিক যোগ অনুভবের সাধনা সার্থক হোক।

**বিভিন্ন পরীক্ষার ফল**

কলেজের ছাত্রসংখ্যা বর্তমানে ১,৪৩০। এই মোট সংখ্যার মধ্যে ছাত্রীসংখ্যা ৪৫৯। কলেজের কর্মভারের দিক থেকে বলা যায় যে, ত্রি-বার্ষিক স্নাতক পাঠ-পরিকল্পনা চালু হবার পরে, ১৯৬২-৬৩ শিক্ষণ-বর্ষটিই সর্বাধিক চাপের বছর গেছে। পুরানো দ্বি-বার্ষিক বি এ, বি এস-সি এবং নতুন ত্রি-বার্ষিক অধ্যয়ন-ব্যবস্থার গুরুভার ঐ সময়ে ছিল সর্বাধিক। ২৪৫ জন ছাত্রছাত্রী বিভিন্ন পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সরকারী বৃত্তি পেয়েছে। অসচ্ছল অথচ মেধাবী ৪৮৫ জন এবং উদ্বাস্তু ৪ জন ছাত্রছাত্রী বিভিন্ন বৃত্তি নিয়ে পড়াশুনা করছে। এ ছাড়া গত বছরের 'জগদীশ বোস ন্যাশনাল সায়ান্স ট্যালেণ্ট সার্চ' বৃত্তিভোগীদের ৮ জনের পুনর্বহাল হয়েছে এবং এ বছর নতুন ৩ জনকে ঐ বৃত্তি দেওয়া হয়েছে।

প্রাক্-বিশ্ববিদ্যালয় কলা ও বিজ্ঞান পরীক্ষায় মোট পাসের হার শতকরা ৯৩·৭৫ এবং ৯৬·৮৭। তার মধ্যে কলা বিভাগের ৭ জন এবং বিজ্ঞান বিভাগের ৫০ জন প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে। বি এ এবং বি এস-সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদের পাসের হার ৮৭·৫ এবং ৮১·২০, যথাক্রমে মোট সংখ্যা ৭৭ এবং ১০৮। বি এ পরীক্ষায় ২ জন প্রথম শ্রেণীতে এবং বি এস-সি পরীক্ষায় ৩৩ জন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

এ বৎসর প্রথম ত্রি-বার্ষিক স্নাতক শ্রেণীর বিশ্ববিদ্যালয়ের ফলাফল প্রকাশিত হয়েছে। বি এ এবং বি এস-সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদের পাসের হার ৯২·৯৪ এবং ৮৭·২৭, যথাক্রমে মোট সংখ্যা ৫৩ এবং ৯৬। বি এ পরীক্ষায় ৪ জন এবং বি এস-সি পরীক্ষায় ৩২ জন প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

**অধ্যাপকমণ্ডলীর পরিবর্তন ও অন্যান্য সংবাদ**

রাষ্ট্রনীতি বিভাগের সহকারী অধ্যাপক শ্রীনির্মলকান্তি মজুমদার দীর্ঘকাল সরকারী কলেজে যোগ্যতার সঙ্গে কাজ ক'রে অক্টোবর মাসে অবসর গ্রহণ করলেন। শুধু পাণ্ডিত্যেই নয়, চরিত্র-মাধুর্যেও তিনি ছিলেন সকলেরই ঘনিষ্ঠ।

ইংরেজী বিভাগে শ্রীনিরুপম চট্টোপাধ্যায় অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে উচ্চতর শিক্ষান্তে আবার সহকারী অধ্যাপক পদে ফিরে এসেছেন। এই বিভাগেই শ্রীরবীন্দ্রনাথ মজুমদার মৌলানা আজাদ কলেজ থেকে বদলি হয়ে লেকচারার পদে যোগ দিয়েছেন। বাঙলা বিভাগের শ্রীশ্যামল-কুমার চট্টোপাধ্যায় ঝাড়গ্রাম রাজ কলেজে বদলি হ'লে তাঁর জায়গায় বারাসত থেকে এসেছেন শ্রীরবীন্দ্রনাথ দাস। অর্থনীতি বিভাগের অধ্যাপক শ্রীসুখময় চক্রবর্তী পদত্যাগ করেছেন। শ্রীতাপস মজুমদার লন্ডন বিশ্ববিদ্যালয় থেকে ফিরে এসে অধ্যাপক পদে যোগ দিয়েছেন। অর্থনীতি বিভাগে শ্রীসঞ্জিত বসু এবং রাষ্ট্রনীতি বিভাগে শ্রীঅশোক মুখোপাধ্যায় ও শ্রী আর চক্রবর্তী সহকারী অধ্যাপক নিযুক্ত হয়েছেন। গণিত বিভাগের শ্রীগোপাল পাল শিবপুর ইঞ্জিনীয়ারিং কলেজে বদলির আদেশ পেয়েছেন। পদার্থবিদ্যা বিভাগে শ্রীদীপঙ্কর ভট্টাচার্য এবং শ্রীগৌরাঙ্গদেব ভট্টাচার্যের স্থলে শ্রীঅরুণ ভট্টাচার্য এবং শ্রীচন্দন রায় লেকচারার নিযুক্ত হয়েছেন। এই বিভাগের লেকচারার শ্রীদেবপ্রসাদ মৈত্র শিবপুর ইঞ্জিনীয়ারিং কলেজে সহকারী অধ্যাপক নিযুক্ত হয়েছেন। এই বিভাগের শ্রীঅমলকুমার মজুমদার কোচবিহার কলেজে বদলি হয়েছেন। ডক্টর গদাধর সাহু পদার্থবিজ্ঞানের লেকচারার পদে যোগ দিয়েছেন। রসায়ন বিভাগে ডক্টর এম আলি অধ্যাপক পদে এবং শ্রী এম ভট্টাচার্য ও শ্রী এইচ ভট্টাচার্য লেকচারার পদে নিযুক্ত হয়েছেন। এই বিভাগের শ্রী এম সি দাস এবং শ্রী এ বি স্বামিগ্রাহী বদলি হয়েছেন। শ্রীশ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় এবং শ্রীদেবীপ্রসাদ মুখোপাধ্যায় পদত্যাগ করেছেন। সংখ্যাতত্ত্ব বিভাগের সহকারী অধ্যাপক শ্রীঅতীন্দ্রমোহন গুণ উচ্চশিক্ষার জন্য বিদেশযাত্রা করায় শূন্যপদে শ্রী এস পি মুখোপাধ্যায় উন্নীত হয়েছেন এবং শূন্য লেকচারার পদে শ্রী এ চৌধুরী নিযুক্ত হয়েছেন। উদ্ভিদতত্ত্বের ডেমনস্ট্রেটর শ্রী আর এন চন্দ্র উচ্চশিক্ষার জন্য বিদেশ গিয়েছেন, তাঁর স্থলে এসেছেন শ্রী এম আলি। ভূগোল বিভাগের ডেমনস্ট্রেটর শ্রীরামচন্দ্র মুখোপাধ্যায় চন্দননগরে বদলি হয়েছেন। শারীরবিদ্যা বিভাগের শ্রীদেবজ্যোতি দাস সহকারী অধ্যাপক নিযুক্ত হয়েছেন। হিন্দী বিভাগে একটি নতুন লেকচারার পদ সৃষ্ট হয়েছে এবং তাতে এসেছেন শ্রীপ্রেমসেন সিং। শ্রীজগন্নাথ শেঠ হিন্দীর আংশিক অধ্যাপনায় নিরত আছেন। শ্রী পি কে দাশগুপ্ত ভূতত্ত্ববিভাগের লেকচারার পদে যোগ দিয়েছেন।

কলেজ অফিসের একটি সহকারী খাজাঞ্চির অস্থায়ী পদ মঞ্জুর হয়েছে। ঐ পদে সম্পূর্ণ অস্থায়িভাবে নিযুক্ত হয়েছেন শ্রীরমেন্দ্রনারায়ণ ভট্টাচার্য। কলেজের পিয়ন শ্রীসুবোধচন্দ্র মাইতি কার্যরত অবস্থায় গত ফেব্রুয়ারি মাসে উদ্বন্ধনে আত্মহত্যা করেন। দীর্ঘ দশ বৎসরেরও অধিক-কাল তিনি এই কলেজের সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন।

**বিভিন্ন বিভাগে অধ্যাপকবৃন্দের বিদেশযাত্রা এবং অন্যতর নিয়োগ ও গবেষণা**

রসায়ন বিভাগের ডক্টর এস সি সোম কাউন্সিল অব সায়েন্টিফিক এ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চের আন্ডারগ্রাউন্ড অ্যান্ড সাবসয়েল করোশন কমিটির সদস্য পদে বৃত হয়েছেন। ওই

বিভাগের ডক্টর এম এ আলি আগামী জ্বলাই মাসে আপসালা কোয়ান্টাম কেমিস্ট্রির আলোচনা-সভায় আমন্ত্রিত হয়েছেন।

প্রাণিবিদ্যা বিভাগের ডক্টর শিবতোষ মুখোপাধ্যায় সি এস আই আর-এর নতুন মুখপত্র 'ইন্ডিয়ান জর্নাল অফ এক্সপেরিমেন্টাল বায়োলজি'র সম্পাদকমণ্ডলীর সদস্যপদে মনোনীত হয়েছেন।

প্রেসিডেন্সি কলেজের বিভিন্ন বিভাগের অধ্যাপকদের অধীনে বহু ছাত্র গবেষণায় ব্যাপৃত আছে। এ বছর পদার্থবিদ্যা বিভাগে এমেরিটাস অধ্যাপক ডক্টর কুলেশ করের অধীনে একজন ডি-ফিল পেয়েছেন। উদ্ভিদতত্ত্ব বিভাগে ডক্টর পরম ভাদুড়ীর অধীনে শ্রীমাধবী বড়ুয়া, শারীরতত্ত্ব বিভাগে ডক্টর অচিন্ত্য মুখোপাধ্যায়ের অধীনে শ্রীগদাধর সাহু ও শ্রীকৃষ্ণকুমার সিংহ, প্রাণিতত্ত্ব বিভাগে ডক্টর শিবতোষ মুখোপাধ্যায়ের অধীনে পি এল ডি বৈদ্যশেখর এবার ডি-ফিল উপাধি পেয়েছেন। রসায়ন বিভাগের গবেষক-ছাত্রী শ্রীদীপালী ভট্টাচার্য ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের গবেষণাবৃত্তি পেয়েছেন। উদ্ভিদতত্ত্ব বিভাগ ষোলোটি গবেষণাপরিকল্পনা পরিচালনা করেছে। এই বিভাগে ডক্টর শ্রীমতী শ্রীনিবাস গবেষক-ছাত্ররূপে কাজ করতে এসেছেন।

আমাদের কলেজের অধ্যাপকগণ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের নানা পরীক্ষায়, সরকারী এবং নানা বিশ্ববিদ্যালয়ের মনোনয়ন সভায়. কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকারের নানা সংস্থায় নানাভাবে যুক্ত আছেন। কেন্দ্রীয় সরকার আমাদের কলেজের অধ্যাপকদের নানা গবেষণা-পরিকল্পনা গ্রহণ করেছেন।

**শিক্ষামূলক ভ্রমণ ও সেমিনার**

প্রেসিডেন্সি কলেজে শিক্ষামূলক ভ্রমণের সুপ্রচুর ব্যবস্থা আছে। বিশেষ ক'রে বিজ্ঞানের ছাত্রদের এই প্রয়োজনীয়তা বেশি। এর দ্বারা ছাত্রদের মধ্যে আপন আপন বিষয়ের প্রতি কৌতূহলের সঞ্চার হয় এবং কলেজীয় শিক্ষা সম্পূর্ণতর হয়। ভূতত্ত্ব, উদ্ভিদতত্ত্ব ও ভূগোল শিক্ষাদানের অঙ্গ হিসাবেই বাৎসরিক বহির্যাত্রার ব্যবস্থা করা হয়ে থাকে।

ভূতত্ত্ব বিভাগ থেকে এবার ছয়টি বহির্যাত্রার ব্যবস্থা হয়েছিল। কিষণগড়, গিরিডি, আসানসোলে তিনটি হয়ে গিয়েছে, এবং আরো তিনটি বহির্যাত্রা প্রস্তাবিত হয়েছে। উদ্ভিদতত্ত্ব বিভাগের ছাত্ররা এবার খাসিয়া, গারো পাহাড় এবং আন্দামানে বহির্যাত্রায় যায়। ভূগোলের প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় বর্ষের ছাত্রেরা উত্তর ভারতে, শোণ ভ্যালীতে, রম্ভায় তিনটি শিক্ষা-মূলক ভ্রমণে বেরিয়েছিল। বড়দিনের সময় এবার প্রাণিতত্ত্ব বিভাগের ছাত্রদল দক্ষিণ ভারতে গিয়েছিল। পরিসংখ্যান বিভাগের ছাত্রেরা স্টেট স্ট্যাটিস্টিকাল ব্যুরো, কেন্দ্রীয় স্ট্যাটিস্টিকাল সংস্থা, নতুন দিল্লীর এগ্রিকালচারাল রিসার্চ স্ট্যাটিস্টিক্স-এ শিক্ষাভ্রমণে গিয়েছিল।

বিভিন্ন বিভাগের সেমিনারে সারা বছরই সুপরিচিত পণ্ডিতদের দিয়ে বক্তৃতা দেওয়ানো হয়ে থাকে। ছাত্রেরা নিজেরাও এখানে আলোচনা ক'রে থাকে। উদ্ভিদতত্ত্ব বিভাগে ডক্টর আয়ারের নেতৃত্বে ইউ এস পি এল ৪৮০ পরিদর্শনে এসেছিল। ভূগোল বিভাগে চিকাগো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক গিনসবার্গ এবং খড়্গপুর টেকনোলজিক্যাল ইন্সটিটিউটের ডক্টর ডি নিয়োগী সেমিনারে আসেন। বাঙলা সেমিনারের উদ্যোগে উপেন্দ্রকিশোর রায়চৌধুরী ও দ্বিজেন্দ্রলাল রায়ের জন্মশতবার্ষিকী উদ্‌যাপিত হয়।

...ENCY COLLEGE

**গ্রন্থাগার**

১৯৬৩ সালের ২৬এ নবেম্বর পর্যন্ত গ্রন্থাগারের গ্রন্থসংখ্যা ৯৪,০৫৬ এবং বাঁধানো পত্রিকার সংখ্যা ১৪,১০৭। ১৯৬২-৬৩ সালে কেনা বই ও পত্রিকার সংখ্যা ছিল যথাক্রমে ১,৮৪১ ও ২৭৩। এর জন্য মোট খরচের পরিমাণ ৮৫,৩১১ টাকা ৫৭ নয়া পয়সা। এ ছাড়া আলোচ্য বর্ষে ২৭৫ খানি বই, পত্রিকা ও পুস্তিকা উপহার-স্বরূপ পাওয়া গেছে। এ বছর গ্রন্থাগারে টেবিল, চেয়ার ইত্যাদি আসবাবপত্র ও অন্যান্য সরঞ্জাম কেনার জন্য বরাদ্দ ৬,০৪৩ টাকা ৭০ নয়া পয়সা ব্যয় করা হয়েছে। বছরের শেষদিকে বিভিন্ন বিষয়ে অতিরিক্ত পত্রিকা কেনার জন্য আরও ৯০০ টাকা পাওয়া গেছে।

১৯৬২-৬৩ সালে মোট ১,০২,০৯৩ খানি বই ব্যবহৃত হয়েছে। তার মধ্যে বাড়িতে ব্যবহারের জন্য ৩৭,২০৮ খানি এবং বিভিন্ন সেমিনারে ব্যবহারের জন্য ৩,৬৮০ খানি।

থ্রি-ইয়ার ডিগ্রী কোর্স, প্রি-ইউনিভার্সিটি ও প্রি-মেডিকেল কোর্স এই কলেজে প্রবর্তিত হওয়ায় ছাত্রছাত্রীর সংখ্যা ও তথা গ্রন্থাগারের কাজ প্রচুর বেড়ে গেছে। বারবার অতিরিক্ত কর্মী নিয়োগের জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করা হয়েছে, এখনও কোন ফল হয় নি।

কর্তৃপক্ষের কাছে বিগত বছর এগারো ধ'রে আমরা ক্রমাগত জানিয়ে চলেছি যে, সকাল, সন্ধ্যা ও ছুটির দিনে গ্রন্থাগার খোলা রাখার জন্য অতিরিক্ত কর্মচারী এবং বই, আলমারী ও সেলফ ঝাড়পোঁছ করার জন্য দু'টি ফরাস বিশেষ প্রয়োজন; এখনও পর্যন্ত কোন ফল হয় নি। সকাল, সন্ধ্যায় ও ছুটির দিনে গ্রন্থাগার খোলা রাখার ব্যবস্থা করা অবিলম্বে প্রয়োজন। পাঠক-পাঠিকাদের পক্ষ থেকে এবিষয়ে বহুবার তাগাদা এসেছে। এ ছাড়া গ্রন্থাগারে নানা রকম কাজ বেড়েছে। এই বাড়তি কাজ করার জন্য কয়েকটি অতিরিক্ত কর্মচারী (যেমন উপ-গ্রন্থাগারিক, বেয়ারা, দ্বাররক্ষক ইত্যাদি) চাওয়া হয়েছে—এখনও কোন ফল হয় নি।

'পে-কমিটি' রিপোর্ট অনুযায়ী গ্রন্থাগারের কর্মচারীদের বেতনহার সামান্য বৃদ্ধিলাভ করেছে (অবশ্য আমাদের প্রস্তাবিত বেতনহারের অনুরূপ নয়—বিশেষত তালিকা-প্রণেতার বেতনহার হতাশাজনক)। দুঃখের বিষয়, সহকারী গ্রন্থাগারিকরা আজ পর্যন্ত নব-নির্ধারিত হারে বেতন পান নি, যদিও উক্ত রিপোর্ট প্রকাশের পর প্রায় দু' বছর অতিবাহিত হয়ে গেছে। এ বিষয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

**ছাত্রসংসদ**

১৯৬২ সালের অক্টোবর মাসে ভারতের সীমান্তে চীনের আক্রমণের ফলে কলেজের ছাত্রসমাজ সর্বতোভাবে জাগ্রত হয়েছে। কলেজ ইউনিয়নের তহবিল থেকে প্রতিরক্ষা খাতে দু' হাজার টাকা দেওয়া হয় এবং ছাত্রসংসদের বিভিন্ন আমোদপ্রমোদ অনুষ্ঠানের সংখ্যাদি কমানো হয়। উপরন্তু গত কয়েক বছরের ঘাটতি পূরণের ফলে এ বছর ছাত্রসংসদের কার্যক্রম কিছুটা সংক্ষিপ্ত ছিল।

ইউনিয়নের কাজ শুরু হয় নির্বাচিত সাধারণ সম্পাদক পূর্ণেন্দু মজুমদারের পরিচালনায়। তারপর পূর্ণেন্দু মজুমদারের কলেজ ছেড়ে দেওয়ায় অভিজয় কার্লেকার সাধারণ সম্পাদক হিসাবে কার্যভার গ্রহণ করেন। সেপ্টেম্বর মাসে কলেজের সর্বপ্রিয় ছাত্র দীপক ঘোষের আকস্মিক

মৃত্যুতে ইউনিয়নের পক্ষ থেকে একটি শোকসভার আয়োজন করা হয়। এ ছাড়া 'প্রোজেক্ট ইন্ডিয়া' যোজনা-ক্রমে একদল আমেরিকান ছাত্রছাত্রী আমাদের কলেজে আসেন এবং ফিজিক্স লেকচার থিয়েটারে এক প্রীতিমধুর অনুষ্ঠানে কলেজের ছাত্রছাত্রীদের সঙ্গে মিলিত হন।

**কলেজের ছাত্রাবাস**

ছাত্রাবাসের নিয়মিত কার্যক্রম অব্যাহত আছে। গত বছর যে টেক্সট-বুক লাইব্রেরির সূচনা হয়, এ বছর ছাত্রাবাসের প্রত্যেক ছাত্র তারই রক্ষণ ও উন্নয়নকল্পে মাথাপিছু দু' টাকা করে চাঁদা দিয়েছে। অধ্যাপকদের মধ্যে কেউ কেউ এই গ্রন্থাগারের জন্যে প্রয়োজনীয় কয়েকখানি বই উপহার দিয়েছেন। কিন্তু টেক্সট-বুক লাইব্রেরির মতন অতিপ্রয়োজনীয় প্রতিষ্ঠান আজকালকার মহার্ঘতার দিনে নিশ্চিততর অর্থসাহায্য ব্যতিরেকে টিকিয়ে রাখা সম্ভব নয়। এজন্যে সরকারী সাহায্য চাওয়া হয়েছে।

ছাত্রাবাসে জলকষ্ট একটি দুরারোগ্য সমস্যা হয়ে উঠেছে। স্নান-পানের জল, ধোয়ামোছার জল—কোনদিকেই প্রাচুর্য নেই। কর্পোরেশনের জলসরবরাহ ক্ষীণ থেকে ক্ষীণতর হয়ে উঠছে। তা ছাড়া নলকূপটি সূচনা থেকেই কতকটা অসন্তোষজনক। গত এক বছরেরও বেশি সেদিকের যন্ত্রণা খুবই কষ্টকর হয়ে উঠেছে। অনেক চিঠিপত্র লেখা হয়েছে। অবিলম্বে এই দীর্ঘস্থায়ী জলাভাব দূর হওয়া উচিত।

**প্রাক্তন ছাত্রসংসদ**

আজীবন সদস্য নিয়ে মোট সদস্য-সংখ্যা দাঁড়িয়েছে ১,১৯১। বৎসরারম্ভের পূর্বেই চীনের নির্লজ্জ আক্রমণ ঘটেছিল—কিন্তু পরিষদের কর্ম তাতে ব্যাহত হয় নি। জাতীয় সংকটের পরিপ্রেক্ষিতে পুনর্মিলন-উৎসব বিনা আড়ম্বরে উদ্‌যাপিত হয়। নববর্ষ উপলক্ষে ২১এ এপ্রিল এক মনোজ্ঞ অনুষ্ঠান হয়। সভ্যরা চা-পানে আপ্যায়িত হন। ডঃ এবং শ্রীমতী গোবিন্দগোপাল মুখোপাধ্যায় দ্বিজেন্দ্রলালের দেশপ্রেমমূলক সংগীত পরিবেশন করেন। স্বামী বিবেকানন্দ ও নাট্যকার দ্বিজেন্দ্রলালের শতবার্ষিকী উৎসব উদ্‌যাপিত হয়েছিল। ২৬এ জুলাই বিবেকানন্দ শতবর্ষোৎসব উপলক্ষে এক আলোচনাসভায় স্বামীজীর অমর জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোকপাত করেন স্বামী সম্বুদ্ধানন্দ, অধ্যক্ষ অমিয়কুমার মজুমদার, শ্রীসুধাংশুমোহন বন্দ্যোপাধ্যায় ও অধ্যাপক পি কে গুহ। ২৮এ জুলাই কবিপুত্র দিলীপকুমার রায় দ্বিজেন্দ্রলালের সংগীত উপভোগ্য টিপ্পনী সহ পরিবেশন করেন। ৩০এ সেপ্টেম্বর রঙমহল মঞ্চে সমিতির সভ্যবৃন্দ কর্তৃক দ্বিজেন্দ্রলালের রানা প্রতাপ নাটক অভিনীত হয়। পূজার পরে সমিতির পক্ষ থেকে শারদীয় সঙ্কলনের ৪র্থ খণ্ড প্রকাশিত হয়েছে।

**উপসংহার**

প্রেসিডেন্সি কলেজে নানা দিক দিয়ে সম্প্রসারণ চলেছে বর্তমান যুগের নানা প্রয়োজন এবং শিক্ষানীতির সঙ্গে যোগ রক্ষা ক'রে। তথাপি দৈনন্দিন কার্যনির্বাহের জন্য নানা প্রয়োজনও দেখা দেয়। কলেজের কলা বিভাগের অধ্যাপক-সংখ্যা প্রায় পঞ্চাশ। অতীতে যখন বিভাগ এবং অধ্যাপক-সংখ্যা এখনকার চেয়ে অনেক কম ছিল, তখন দু'জন বেয়ারা অধ্যাপক-কক্ষের জন্য নির্দিষ্ট ছিল। এখন কাজ বহুগুণে বেড়ে যাওয়া সত্ত্বেও কর্তৃপক্ষ দু'জন বেয়ারা স্থলে একজন করেছেন। এতে আমাদের অসুবিধা পদে পদেই বেড়ে চলেছে মাত্র। অবশ্যপ্রয়োজনীয়তার

দিক থেকে বিশেষভাবে উল্লেখযোগ্য অধ্যাপক-কক্ষের জন্য অন্তত একটি ইংরেজী এবং একটি বাঙলা টাইপরাইটার এবং উপযুক্ত দুজন টাইপিস্ট। তৃতীয়ত আর্টস বিল্ডিং-এর অধ্যাপক-কক্ষের জন্য একটি টেলিফোনও খুবই দরকার।

কয়েক বৎসর পূর্বে কলেজ থেকে প্রস্তাব করা হয়েছিল দুটি বার্ষিক পত্রিকা প্রকাশ করা হোক--একটি কলা বিভাগের জন্য, অপরটি বিজ্ঞান বিভাগের জন্য। এই পত্রিকায় অধ্যাপক এবং গবেষক-ছাত্রদের মৌলিক প্রবন্ধাবলী থাকবে। প্রেসিডেন্সি কলেজে অতীতে ও বর্তমানে বহু জ্ঞানী গুণী ব্যক্তি অধ্যাপনায় ব্যাপৃত হয়েছেন। তাঁদের গবেষণার ফল তাঁরা সর্বদাই প্রকাশ করেছেন বাইরের পত্রিকা ইত্যাদিতে। কিন্তু আমাদের কলেজেই যদি এ রকম পাণ্ডিত্যপূর্ণ প্রবন্ধ প্রকাশ করবার উপযুক্ত মুখপত্র থাকে, তবে এই কলেজের প্রতিষ্ঠা এবং মর্যাদা আন্তর্জাতিক পণ্ডিতমহলে বৃদ্ধি পাবে। এতে শুধু যে জ্ঞানচর্চার মান ক্রমেই উচ্চতর হবে তা নয়, ছাত্ররাও এর দ্বারা অনুপ্রেরণা লাভ করবে।

## Visitors from abroad in 1963

Miss Janina Domanska, B.A. (London), Paderewaski Foundation Fellow (U.S.A.), paid a short visit to the College on 8th February 1963.

On 21st February, Dr. Archi J. Bhehm, Professor of Philosophy, University of New Mexico, delivered a lecture on "What is Philosophy—Western and Eastern" to the students of the Philosophy Department.

On 2nd April, Mr. C. Dolley, Export Manager, Penguin Books Ltd., Harmondsworth, Middlesex, paid a short visit to the College and met some senior members of the teaching staff.

On 16th August, a Project India Team from California visited the College and met the students in a function.

On 27th November, Mr. K. Stehr, Assistant Cultural Adviser, Trade Representation of German Democratic Republic in India, New Delhi, paid a short visit.

On 4th December, Mr. Medhi Kizilbash, Assistant Director, International Students Office, Cornell University, Ithaca, New York, paid a short visit to the College.

# APPENDIX I

## Statement of Publications and Research Work by members of the staff of the Presidency College or by students under their guidance during 1963

*English*

**Bagchi, Priyatosh**

A Note on Wordsworth's Yarrow Visited, Stanza 4 (shortly to be published in Notes and Queries, London).

**Sen, Dr. S. K.**

Shakespeare As a Borrower: Kellett and 18th Century Critics (*Notes and Queries*, London, September, 1963).

Adaptations of Shakespeare and his Critics, 1660-1800 (*Indian Journal of English Studies*, 1962).

**Basu, Kajal**

The Moral Confusion in Chaucer's Troilus and Criseyde (shortly to be published in the *Indian Journal of English Studies*).

*Bengali*

**Mitra, Dr. Haraprasad**

রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ['আনন্দবাজার পত্রিকা'য় (১৩৭০) অংশত প্রকাশিত]।
কেশবচন্দ্র সেন [ ঐ ]।

বিবেকানন্দের সাধনা ও সিদ্ধি [প্রাক্-শিকাগো পর্ব] 'বিশ্ববাণী' (বিশেষ সংখ্যা)।

**Datta, Bhabatosh**

বাঙলা কাব্যে দুই রীতি ('বিশ্বভারতী পত্রিকা')।

**Bhowmik, Dr. Nirmalendu**

শ্রীহট্টের লোকসঙ্গীত [Calcutta University].

*Philosophy*

**Bhattacharya, Pareshnath**

ফ্রয়েডীয় ধর্মমতের ব্যাখ্যা ও খণ্ডন ('দর্শন')।

The Philosophy of Vivekananda (Centenary Volume, R.K.M.A., Baranagore).

Physics and Ancient Indian Philosophy (A.I.R. Broadcast, October, 1963).

**Sen, Deviprasad**

Sabda as an Independent Source of Knowledge (to be published in the *Journal of the Indian Academy of Philosophy*, Vol. II, 1963).

**Sinha, Dr. Debabrata**

Phenomenology and Positivism (*Philosophy and Phenomenological Research*, U.S.A., June, 1963).

The Crisis of Science and Husserl's Phenomenology (*Journal of Indian Academy of Philosophy*, 1963).

Der Begriff der Person in Phenomenologie Edmund Husserl (to be published in *Die Zeitschrift fur Philosophical Forschung*, West Germany).

**Sinha, Dr. Debabrata**

Reason by Faith—the European Dark Age (Talk broadcast from A.I.R., November, 1963).

Person in Husserl's Phenomenology (to be published in the *Philosophical Quarterly*, Indian Philosophical Congress).

**Nandi, Dr. S. K.**

রবীন্দ্রদর্শন—অন্বীক্ষণ (শ্রীভূমি পাবলিশিং কোং, কলিকাতা)।

স্বামীজীর শিল্পচিন্তা (স্বামী প্রজ্ঞানানন্দ সম্পাদিত)।

Studies in Ancient Indian Concept of Rebirth (*Modern Review*, October, 1963).

প্রয়োজন ও শিল্পৈষণা ('বিশ্ববাণী', শারদীয় সংখ্যা)।

আচার্য ব্রজেন্দ্রনাথ প্রসঙ্গে ('সাহিত্যের খবর', শারদীয় সংখ্যা)।

*History*

**Tripathi, Dr. Amalesh**

Five Chapters on Economic History of India in the British Paramountcy and the Indian Renaissance (Vol. IX of *History of the Indian People and Civilization*, Bharatiya Vidya-Bhavan, edited by R. C. Majumdar).

**Biswas, Dilip Kumar**

সাহিত্যে স্বদেশচিন্তাঃ রামমোহন থেকে বিদ্যাসাগর, ('দেশ', সাহিত্য সংখ্যা ১৩৭০)।

ভারত-চীন সম্পর্কঃ প্রাচীন যুগ ('চতুরঙ্গ', মাঘ-চৈত্র ১৩৬৯)।

জাতিভেদঃ শিবনাথ শাস্ত্রী প্রণীত [সম্পাদিত]।

**Majumdar, Subodh Kumar**

মাইকেল ভেন্ট্রিস ও মিনোয়ান লিপি ('দেশ', ২২এ জুন ১৯৬৩)।

*Statistics*

**Guin, A. M., Gupta, M. K. and Dasgupta, B**

Fundamentals of Statistics (2nd revised edition).

**Mukherji, S. P.**

Determination of Modified Control Limits Admitting Tool-Wear (submitted for publication in *Current Science*).

**Mukherji, S. P. and others**

Concept of a Lag in Obstetric Analysis (*Jour. Ind. Med. Association*, March 1, 1963).

Specific Maternal Mortality Rates (submitted for publication in *Ind. Jour. Pub. Health*).

*Mathematics*

**Burman, N. C.**

Propagation of a plastic wave in a circular Membrane etc. (Brown University Publication) (in the press).

*Physics*

**Dr. R. L. Sengupta and his assistants**

**Sengupta, Dr. R. L., Biswas, Dr. M. M. and Banerji, B. K.**

Knock-on electrons of fast Muons (sent for publication in *IL Nuova Cimento*).

**Ghosh, S. and Banerji, B. K.**

Muon Scattering (accepted for publication in *Annalender Physik*).

**Dr. A. K. Roy Choudhuri and his assistants**

**Roy Choudhuri, Dr. A. K. and Banerji, S.**

Cosmological evolution with continuous creation of matter (*Zeitschrift fur Astrophysik*).

**Som, M.**

Cylindrically Symmetric radial electrostatic fields in general relativity. (Proceedings of Physical Society, London).

**Lahiri, S. K. Choudhuri, S. C. and Nagchoudhuri, Dr. B. D.**

Leishman Saline Technique for Simultaneous, Total and Broad Differential counts of Bone-marrow cells. (*Naturwissemschaften*).

**Lahiri, S. K. (in collaboration with S. R. Basu, F. Hussain and Dr. B. D. Nag).**

Simultaneous Pancreatic and Thyroid Function Tests using RIHSA. (*British Journal of Radiology*).

**Lahiri, S. K. and Udupa, K. B.**

Hematology of rats under Radiation sickness by single sublethal dose of $P^{32}$ (sent to *Radiology* for publication).

**Lahiri, S. K. (in callaboration with K. B. Udupa, S. R. Basu and Dr. B. D. Nag).**

Effect of $P^{32}$ on bone-marrow of rats, cell number and nucleic acid synthesis (sent for publication in *Radiation Research*).

*Chemistry*

**Shome, Dr. S. C. and Kaimal, V. R. M.**

Determination of Titanium with N-Benzoyl-phenyl-hydroxylamine by direct weighing [*Analytica Chimica Acta*, 29 (1963), 286].

**Shome, S. C. and Das, H. R.**

Complexometric titration of copper and iron using N-Benzoyl-phenyl-hydroxylamine as Metal indicator (*Z. Anal. Chimic*) (communicated).

**Ali, M. A.**

Note on the bond lengths of 1.14 Benzlisanthrene [Acta. Crystallographia, 16, 929 (1963)].

43867

**Ali, M. A. and Miller etal, I. J.**

Theoretical study of Tetrabenzobi-phenylene by HMO method (Appendix in *Studies in Phenanthrene Chemistry*, Part II, J. Chem. Society, London) (accepted for publication).

**Ali, M. A. and Wood, R. F.**

Application of localised perturbation technique. (*J. Mol. Spectroscopy*) (accepted for publication).

**Kundu, P. C.**

Complexometric Titration of Calcium and Magnesium using Aluminium as metal indicator [*Z. Anal. Chim.* 196. Bd. 4H., S.246 (1963)]

**Banerjee, R. S.**

Ligand field spectra of some metals in their unfamiliar oxidation states. Part I. *Journal of Inorganic and Nuclear Chemistry* (accepted for publication).

**Chakraborty, S. N. and Talibudeen, O.**

Solubility products and chemical potentials of Iron and Aluminium Phosphates in Soil [*U. K. Journal of Soil Science*, 13 (1962), 231-240].

**Chakraborty, S. N.**

Availability of Soil and Fertiliser phosphates to plants (*Science and Culture*) (accepted for publication).

**Sannigrahi, A. B. and Chandra, A. K.**

Hydrogen Bonding Effect on the Electronic Absorption Spectra of some secondary amines (*Journal of Physical Chemistry*) (accepted for publication).

**Chose, S. K.**

Isolation and Studies of the Active Principle of Acorous Calamus [*Journal of Indian Chemical Society*, XL-9 (1963)].

Studies on Anti-malarials [*Journal of Indian Chemical Society*, XL-10 (1963)].

*Botany*

**Bhaduri, Dr. P. N.**

The Late Professor Reginald Ruggles Gates. [*Indian Jour. Gen. and Pt. Breeding*, 23(2): 107-108, 1963].

**Bhaduri, Dr. P. N. and Biswas, P. K.**

Preliminary Studies on the alkaloid content of the diploids and induced tetraploid (*Rauvolfia*, *Serpentina* Benth and their propagations) (in the press)

**Bhaduri, Dr. P. N. and Chatterjee, Dr. N. K.**

Morphological changes induced in Cyathodium by X-rays (in the press).

**Gangulee, H. C.**

Mosses of Eastern India III (*Bull. Bot. Soc., Bengal.* 14; 10-57, 1960).

Mosses of Eastern India IV (*Jour. Bombay Natural Hist. Soc.*, December, 1963).

**Kar, A. K.**

Isolation of a species of *Licea* and the study of its plasmodium under cultural condition. [*Current Science*, 32(1): 38-39, 1963.]

Investigation of plasmodial membrane of Myxomycetes. (*Mycologia*) (in press).

Study of the various aspects of plasmodial growth of *Physarum wingatense* Macler (*Current Science*) (in press).

Leaf blight of *Mirabilis jalapa.* (*Science and Culture*) (in press).

**Chatterjee, T. P. and Sharma, A. K.**

Nuclear response for haemoglobin treatment. (*Caryologia*) (in press).

*Geography*

**Kar, Dr. N. R.**

Pattern of Urban Growth in Lower West Bengal (*Geographical Review of India*, Sep.-Dec. 1962) (published in 1963).

**Chatterjee, Dr. A. B.**

The Climate in and around Calcutta (*Observer*, 1963).

The Hooghly and its West: A study in Historical Geography (Abstract, Indian Science Congress, 1963. *Geographical Review of India*, June, 1963) (in press).

*Physiology*

**Mukherjee, Achintya K.**

Red Cell Transaminase Activity in Health. (*Cal. Med. Jour.* 1962; 59, 389).

**Sinha, Krishna Kumar and Mukherjee, Achintya K.**

S.G.O.T. in the different tissues of vitamin E deficient albino rats. (*IND. J. Physiol. All, Sci.* 1962: 16, 589).

**Roy Chowdhury, N., Sinha, K. K. and Mukherjee, Achintya K.**

S.G.O.T. activity in normal pregnancy and in accidental haemorrhage. (*J. Ind. Med. Ass.* 1963: 41, 236).

**Roy, R. N., Ghose, S., Mukherjee, A. K., Dutta, B. and Roy, S.**

Blood inorganic phosphorous and Magnesium level (*Ind. J. Physiol. Alli, Sci.* 1962: 38, 589).

**Dutta, Bharati and Mukherjee, Achintya K.**

Effect of Oestrogenic substance and the Blood Iron level. (*Ind. J. Exp. Biol.* 1963: 1, 91).

**Roy Chowdhury, N., Dutta, B. and Mukherjee, Achintya K.**

Comparative hematological studies of iron and phosphorous blood level in mother and in newborn babies. (*Am. J. Obs. Gyne,* 1963; oto. 15).

**Sinha, Krishna Kumar and Mukherjee, Achintya K.**

Fat metabolism in vitamin E deficiency. (*Ind. J. Physiol, Alli, Sc.* 1962: 16, 144).

*Geology*

**Ray, S.**

Fifty years of progress of Research in Geology in India (Indian Science Congress Association).

**Banerji, Dr. A. K.**

On the Sequence of Igneous Activity in part of Northern Singhbhum, South of Tatanagar, Bihar (*Q. J. Geol. Min. Met. Soc. of India,* Vol. XXXV, No. 1).

**Saha, Dr. A. K.**

Systematic quantitative areal variation in five granitic massifs: a discussion [*Jour. Geology* (U.S.A.), v. 71, p. 116-18].

Trend surface analysis of the areal composition variations in the Bahalda Road Granodiorite, Mayurbhanj (Abstract) (*Proc.* 50*th Ind. Sci. Congr.*, Pt. III, p. 243).

Studies on the areal composition variations in the Bahalda Road Granodiorite, Mayurbhanj. 'Advancing Frontiers of Geology and Geophysics' (65th Birthday Commemoration Vol. of Dr. M. S. Krishnan) (in press).

**Saha, Dr. A. K. with Dr. S. N. Sarkar**

On the occurrence of two intersecting Pre-Cambrian orogenic belts in Singhbhum and adjacent areas (*India Geol. Mag.*, V. 100, No. 1, p. 69-92).

**Saha, Dr. A. K. with Dr. S. K. Chakraborti**

A quantitative petrological study of the Bahalda Road Granodiorite, Mayurbhanj. (*Jour. Deccan Geol. Soc.*, V. 3, p. 50-59).

**Saha, Dr. A. K. with Shri P. K. Raha**

Dykes of 'Porphyry' rocks within the Singhbhum Granite around Rairangpur, district Mayurbhanj, Orissa (*Jour. Geol. Soc. India*, V. 4, p. 50-59).

(Shri Shyamal Kanti Chakraborti, C.S.I.R. Research Fellow, was admitted to the degree of D. Phil. of the Calcutta University in March, 1963. He worked on the 'Structural and petrological evolution of the northern part of Singhbhum Granite' under the guidance of Dr. A. K. Saha.)

**Gangopadhyay, Dr. P. K.**

The Structural History of the Kishorn-Lochcarron area in Ross-shire (in press).

**Bose, M. K.**

Some aspects of ultramafic rocks of Hatgamariah, Singhbhum, Bihar (*Jour. Mines, Metals and Fuels*, Vol. 11, No. 9).

On the calciferous brown amphibole in alkalic gabbro of Koraput, Orissa (*The Aemrican Mineralogist*, Vol. 48, Nos. 11 and 12, 1963).

On co-existing brown amphibole and pyroxene in gabbroic rock of Koraput, Orissa (*Current Science*) (in press).

**Bose, M. K. with B. Bhattacharya,**

The permian Batostomella sp. from the Zewar Beds of Kashmir (*Q.J.G.M.M. Soc. Ind.*, Vol. 35, No. 1).

## *Zoology*

**Mookerjee, S.**

Determination of Cell System in Hydra. (Proc. International Cong. Zool. 237, **2,** 1963, Washington).

New perspective in Indian Biology. (*Jour. Uni. Educt.* 1963) (in press).

**Mookerjee, S., Ganguly, B. and Gouri, C. V.**

Effects of penicillin on the reaggregation of sponge cells (*Ind. Jour. Exp. Bio.* 1963) (in press).

**Mookerjee, A. and Mookerjee, S.**

Observations on the isolated DNA from Hydra. [*Nature* (1963), London]

Studies on isolated polymerised DNA from sponge Cells. [*Naturwissen*, (1963) Germany] (in press).

**Hajra, B.**

Cytochemical analysis of the effects of trinitrophenol on amoeba. (*Acta histochem*, 161, **15**, 1963, Germany).

**Sanyal, S.**

Cellular dynamics in the morphogenesis of Hydra during bud development and regeneration (*Roux's archiv.*, Germany) (in press).

**Sinha, A.**

Irreversibility of determination of implanted material in Hydra. (*Roux's archiv*, Germany) (in press).

**Das Gupta, S.**

Scutellar bristles in Culicoides (Diptera, Ceratopogonidae) (*Current Sci.* 123, **32**, 1963).

Report on a collection of Sikkim Culicoides (Dipter, Ceratopogonidae) (*Proc. Zool. Soc.* 33, **16**, 1963).

Ovulation and oviposition in Culicoides (Dipter, Ceratopogonidoe) (*Proc. Zool. Soc.* 27, **16**, 1963).

Aberrant spermathecae in Culicoides (Dipter, Ceratopogonidae) (*Current. Sci.*, 218, **32**, 1963).

Culicoides (Dipter, Ceratopogonidae) of Calcutta and the neighbouring areas (*Ent. Monthly, Mag.* 253, **94**, 1963, England).

(In addition Dr. Mookerjee and his research associates have contributed nine papers to the 51st session of the Indian Science Congress to be held at Chandigarh.)

---

## APPENDIX II

### Pre-University Examinations, 1963

*Names of students placed among the first ten*

#### Pre-University Arts

| | |
|---|---|
| Asimkumar Sanbui ... ... ... | 3rd |
| Alokekumar Mukhopadhyay ... ... ... | 4th |
| Bhaskar Ghosh ... ... ... | 10th |

#### Pre-University Science

| | |
|---|---|
| Amarranjan Ghoshal ... ... ... | 7th |
| Debdas Biswas ... ... ... | 8th |
| Sanat Kr. Chatterjee ... ... ... | 9th |

PRESIDENCY COLLEGE
LIBRARY, CALCUTTA

## B.A. and B.Sc. Examinations, 1963

*Names of students obtaining first class*

### B.A. (2-Year Degree)

*Mathematics*

Indira Roy.

*Sanskrit*

Amarkumar Chatterjee.

### B.Sc. (2-Year Degree)

*Physics*

Debidas Mukhopadhyay.
Somnath Pal.
Basudeb Ghosh.
Siddhartha Roy.
Prabir Kr. Ghosh.
Jishnu De.
Sujan Kr. Kundu.
S. Ananta Krishnan.
Tapas Kr. Mitra.
Debabrata Basu.

*Zoology*

Shelly Chakravorty.
Ajit Kumar Aditya.

*Geology*

Durjoy Bhaduri.
Haripada Roy.
Kiranchand Pal.
Gourisankar Ghosh.
Debaprosad Bhattacharyya.
Sankar Mojumdar.
Benoykrishna Chakravorty.

*Chemistry*

Nirmal Chatterjee.
Pijushkanti Gangopadhyay.
Basudeb Achari.
Tapan Kr. Sengupta.

*Botany*

Sukla Bandyopadhyay.
Lina Chandra.

*Mathematics*

Rajkumar Roy Choudhuri.
Dipok Kr. Chakravorty.
Shyam Narayan Daga.
Dipankar Roy.
Utpal Kr. Samaddar.

*Physiology*

Usharanjan Roy.
Baljit Pal.
Amrita Banerjee.

**B.A. (3-Year Degree)**

*Philosophy.*

Bharati Sen.
Anita Das.

*Political Science*

Pradip Banerjee.
Rakhahari Chatterjee.

**B.Sc. (3-Year Degree)**

*Physics*

Pradip Kr. Saha.
Prasanta Kr. Basu.
Nanda Mukherjee.
Utpal Kr. De.
Rathindranath Choudhuri.
Dipankar Sengupta.
Ranabir Datta.
Kalyanbidhan Sinha.
Tapaskumar Das.
Goutam Sengupta.
Ratneswar Roy.
Somen Kr. Maitra.
Subir Datta.

*Geology*

Anish Kr. Roy.
Sobhen Roy.
Arup Kr. Mitra.

*Zoology*

Dipti Choudhuri.

*Botany*

Lina Majumdar.
Parna Bhattacharyya.

*Statistics*

Bimal Ch. Majumdar.
Kalyan Datta.
Parimal Kanti Pal.
Sipra Mookherjee.

*Chemistry*

Malabika Bhattacharyya.
Goutam Siddhanta.
Bhabani Sinha.

*Mathematics*

Tapan Kr. Sinha.

*Physiology*

Sharmila Chakravorty.
Manjulika Dhar.
Raka Bose.
Dipali Roy.
Biswanath Pyne.

**M.A. and M.Sc. Examinations, 1962**

*Names of students obtaining first class*

*(Merit in order of the University)*

**M.A.**

*History*

Ratish Ch. Mukhopadhyay ... ... ... 1st

*Economics*

Sujit Basu ... ... ... 1st

*Political Science*

| | | | | |
|---|---|---|---|---|
| Radha Raman Chakravorty | ... | ... | ... | 1st |
| Viswanath More | ... | ... | ... | 2nd |
| Asoke Kr. Mukhopadhyay | ... | ... | ... | 3rd |
| Pranabsankar Mukhopadhyay | ... | ... | ... | 4th |

*Sanskrit*

| | | | | |
|---|---|---|---|---|
| Sukla Majumdar | ... | ... | ... | 6th |

## M.Sc.

*Physics*

| | | | | |
|---|---|---|---|---|
| Anil Kr. Saha | ... | ... | ... | 8th |
| Arun Kr. Das | ... | ... | ... | 13th |
| Monoranjan Bhattacharyya | ... | ... | ... | 17th |
| Shibnath Chatterjee | ... | ... | ... | 20th |
| Satyanarayan Banerjee | .. | ... | ... | 22nd |
| Rajagopal Shanta | ... | ... | ... | 24th |

*Chemistry*

| | | | | |
|---|---|---|---|---|
| *Asitkumar Sen* | ... | ... | ... | 1st |

*Applied Mathematics*

| | | | | |
|---|---|---|---|---|
| Arabinda Roy | ... | ... | ... | 2nd |
| Gour Ch. Sinha Roy | ... | ... | ... | 3rd |
| Md Issa | ... | ... | ... | 4th |

*Physiology*

| | | | | |
|---|---|---|---|---|
| Nina Ghosh | ... | ... | ... | 3rd |

*Zoology*

| | | | | |
|---|---|---|---|---|
| Jaganmoy Mitra | ... | ... | ... | 3rd |
| Bani Datta | ... | ... | ... | 9th |

*Botany*

| | | | | |
|---|---|---|---|---|
| Nikhilkrishna De | ... | ... | ... | 2nd |

# APPENDIX III

## Medals, Prizes and Scholarships awarded by the University

## M.A. and M.Sc. Examinations, 1962

### M.A.

*English*

Pralay Kumar Deb ... (a) Kshetramohan Chatterjee Gold Medal (a gold-rimmed silver medal out of the interest of the Corpus).
(b) Prof. Sushil Ch. Dutt Silver Medal.

*History*

Ratish Ch. Mukhopadhyay ... (1) Dr. Gauranganath Banerjee Memorial Prize.
(2) Prize of Rs. 200.

*Political Science*

Radharaman Chakrabarti ... (1) Sir Surendranath Banerjee Prize.
(2) Gold Medal and Prize of Rs. 200.

Viswanath More ... Silver Medal and Prize of Rs. 100.

*Archaeology*

Dilip Kumar Chakrabarti ... Gold Medal and Prize of Rs. 200.

*Economics*

Sanjit Basu ... Gold Medal and Prize of Rs. 200.

### M.Sc.

*Applied Mathematics*

Arabinda Roy ... Silver Medal and Prize of Rs. 100.

*Geography*

Nikhilkrishna De Prize of Rs. 100.

*Chemistry*

Asitkumar Sen ... Gold Medal and Prize of Rs. 200.

*Geology*

Subhas Ch. Bhattacharyya ... Gold Medal and Prize of Rs. 200.
Chittaranjan Bhattacharyya ... ~~Silver~~ Medal and Prize of Rs. 100.

পকমু-৬৩/ -৫৫৯৪এফ-১,২০০

PRESIDENCY CO...
30 JAN 1964